



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৩

তারিখ: ২১/০৯/২০১৬ খ্রিঃ

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নায়ী “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পটির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ সার্বিক কার্যক্রম গতিশীল এবং স্বচ্ছতা নিশ্চিত করার নিমিত্ত প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ নিয়মিতভাবে প্রতি সপ্তাহে ৩ জন মাঠসংগঠকদের দায়িত্বপ্রাপ্ত সমিতি হতে দৈবচয়ন ভিত্তিতে সমিতি নির্বাচন করে প্রত্যেক মাঠসংগঠকের ১ টি সমিতি করে সপ্তাহে মোট তিনটি এবং প্রতি মাসে ন্যূনতম ১০(দশ) টি সমিতি পরিদর্শন করতঃ WCS এর সাথে সমিতির সদস্যদের পাশবহি ও ক্যাশ বহি/কর্জ খতিয়ান মিলকরণ করতে হবে। একইভাবে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রতি মাসে প্রত্যেক মাঠসংগঠকের ১ টি করে সর্বমোট ন্যূনতম ৩টি সমিতি পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২। প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ সমিতি পরিদর্শন পূর্বক প্রতিবেদন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন করে প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে সদর কার্যালয়ে ই-মেইল/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ব্যর্থতায়, সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার সংশ্লিষ্ট মাসের বেতন-ভাতা স্থগিত থাকবে। যে সকল সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ নিয়মিত নির্দেশনা মোতাবেক পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন শুধুমাত্র তাদের মাসিক বেতন-ভাতা পরিশোধের জন্য প্রকল্পের ওয়েবসাইটে প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকার বাহিরে কোন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ করা যাবে না। প্রতিবেদন প্রেরণের জন্য নিম্নবর্ণিত ছক অনুসরণ করতে হবেঃ

ক্রঃ নং	সমিতির নাম ও পরিদর্শনের তারিখ	WCS- অনুযায়ী টাকার পরিমাণ		সদস্যদের পাশ বহি অনুযায়ী টাকার পরিমাণ		ক্যাশ বহি/ কর্ত্ত খতিয়ান অনুযায়ী টাকার পরিমাণ		মন্তব্য
		ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

০২। অক্টোবর/২০১৬ থেকে মাসিক বেতন-ভাতা পরিশোধের ক্ষেত্রে উক্ত আদেশ প্রতিপালন করতে হবে। ওয়েবসাইটে প্রকাশিত তালিকার বাহিরে কোন কর্মকর্তাকে বেতন-ভাতা প্রদান করা হলে সংশ্লিষ্ট উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

২৪/০৯/২০১৬

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা

ফোন-৮১৮০১৪৪

তারিখ: ২১/০৯/২০১৬ খ্রিঃ

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----। (বর্ণিত আদেশ যথাযথ প্রতিপালনের কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. উপ প্রকল্প পরিচালক(অর্থ, হিসাব ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ -----।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ -----।
৬. হিসাব সহকারি (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ -----।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

  
আরিফুল হক

উপপ্রকল্প পরিচালক (প্রশাসন)

ইরেসপো, বিআরডিবি, ঢাকা